



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)/৫/১০৬

তারিখ: ২০ মার্চ, ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর কেন্দ্রীয় গ্রন্থাগারের জন্য অতিরিক্ত লাইব্রেরিয়ান এর ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/-(গ্রেড-৪)

আবেদনের শেষ তারিখ : ০৩ মে, ২০২৫

আবেদনের প্রক্রিয়া:


প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :


(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) উক্ত পদের জন্য ৬০০/=(ছয়শত) টাকা নির্ধারিত ফি (সব ধরনের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.sust.edu](http://www.sust.edu) থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

  
(সৈয়দ হুসৈন মোহাম্মদ আব্দুল কাদির)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

  
২০/৩/২০২৫

স্মারক নং-রেজিঃ/২৮(৬)/১৫/১০৬

তারিখ: ২০ মার্চ, ২০২৫

যোগ্যতা ও অভিজ্ঞতা:

প্রার্থীর গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান/তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ডেপুটি লাইব্রেরিয়ান/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ০৫নং গ্রেডভূক্ত) ০৭(সাত) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৮(আঠারো) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রি শিথিলযোগ্য।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর।

(সৈয়দ ছালিম মোহাম্মদ আব্দুল কাদির)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

  
২০/৩/২০২৫